

স্কুল কলেজ শিক্ষা

●রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান
৯৯, শরৎ বোস রোড, কলিকাতা-
৭০০০২৬,
ফোন: ২৪৭৫-৩৬৩৬
(পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল কর্তৃক
অনুমোদিত)

জি.এন.এম কোর্সে (৩ বৎসর) সেপ্টেম্বর ২০১৭ সেশনে ১৭-২৭ বছর বয়স্কা (১লা জানুয়ারী ২০১৭ তারিখে) আনুমানিক ৪০ জন ছাত্রী ভর্তি করা হবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। আবশ্যিক বিষয়ে (ভাষা-যার মধ্যে ইংরেজী বাধ্যতামূলক) ও পরিবেশবিদ্যা ব্যতীত ৩টি ঐচ্ছিক বিষয়ে (বেশী নম্বর প্রাপ্ত ৩টি বিষয়) সাধারণ প্রার্থীদের ন্যূনতম মোট ৫৫% ও তপশিলি জাতি/ উপজাতি প্রার্থীদের ৫০% নম্বর পাওয়া চাই। ভোকেশনাল শাখা ও ডিসট্যান্স এডুকেশনের প্রার্থীদের আবেদন গণ্য হবে না। বিজ্ঞান শাখায় অগ্রাধিকার। (তপশিলি জাতি ২২% ও উপজাতি ৬% আসন সংরক্ষিত)। দরখাস্ত করার পূর্বদিন পর্যন্ত প্রার্থীকে অবিচ্ছিন্নভাবে অন্ততঃ পাঁচ বছর পশ্চিমবঙ্গের অধিবাসী হওয়া এবং ভারতীয় নাগরিক হওয়া আবশ্যিক। এই মর্মে ও তৎসঙ্গে প্রার্থীর নাগরিকত্বের বিষয় উল্লেখ করে জেলাস্থিত গেজেটেড অফিসার/ স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাপতি/ জেলা পরিষদের সভাপতি/ বিধায়ক/ সাংসদ/ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান (মিউনিসিপ্যাল কর্পোরেশনের ক্ষেত্রে মেয়র বা কাউন্সিলার)-এর মূল সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে দিতে হবে। খামের উপর “জেনারেল নার্সিং মিডওয়াইফারী সেপ্টেম্বর ২০১৭” লিখতে হবে। ০৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত

দরখাস্ত গ্রহণ করা হবে। দরখাস্তের সাথে Ramakrishna Mission Seva Pratishthan A/C S.O.N. এই নামে ৩০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট (ফেরৎযোগ্য নয়) পাঠাতে হবে। আবেদনপত্রে অন্যান্য অবশ্য উল্লেখনীয়/ করণীয়/ দেয় বিষয়সমূহ (এগুলোর একটিও বাদ পড়লে দরখাস্ত গ্রাহ্য হবে না) : ১) প্রার্থীর নাম ২) পিতার নাম ৩) ঠিকানা: বর্তমান ও স্থায়ী (থানার নাম সহ) ৪) অভিভাবকের নাম, ঠিকানা (পিতা জীবিত না থাকলে মাতার) ৫) ফোন নম্বর (একান্তই প্রয়োজন) ৬) শিক্ষাগত যোগ্যতা ৭) উপরে উল্লিখিত বিষয় সমূহে প্রাপ্ত মোট নম্বর ও শতকরা নম্বর ৮) জন্ম তারিখ ৯) উচ্চতা ও ওজন ১০) ২ কপি পাসপোর্ট সাইজ ফটো (সাম্প্রতিক) ১১) তপশিলি জাতি/ উপজাতি কিনা ১২) অভিভাবকের মাসিক আয় ১৩) প্রার্থী ও অভিভাবকের স্বাক্ষর ১৪) শিক্ষা, তপশিলি জাতি/ উপজাতি সংক্রান্ত সার্টিফিকেটের ও প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান থেকে ক্যারেকটর সার্টিফিকেটের ও মাধ্যমিকের Admit Card-এর প্রতিলিপি ও উচ্চ মাধ্যমিকের মার্কশিটের ২খানি প্রতিলিপি। Internet-এও (www.rkmsevapratishtan.org) প্রয়োজনীয় তথ্য পাবেন। ৩১-০৫-২০১৭ তারিখের মধ্যে প্রতিষ্ঠান থেকে কোনও বার্তা না পেলে ০৬-০৬-২০১৭ তারিখের মধ্যে সাক্ষাতে বা লিখিতভাবে যোগাযোগ করবেন। ০৬-০৬-২০১৭ তারিখের পরে কোনও অভিযোগ গ্রাহ্য হবে না। ভর্তি ফি, টিউশন ফি, থাকা-খাওয়া ও অন্যান্য কিছু খরচ বাবদ প্রথম বছর প্রতি ছাত্রীর আনুমানিক মোট দেয় খরচ ৪৯,৫০০ টাকা (ফেরৎযোগ্য নয়) এবং পরে প্রতি বছর আনুমানিক ৪৮,০০০ টাকা (পরিবর্তন সাপেক্ষ)।- সম্পাদক